



বিজ্ঞপ্তি

নম্বর: ৪০২

তারিখ: ২৭/০৭/২০২২


এ কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক একাউন্ট/ মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলে আগামী ৩১/০৩/২০২১ তারিখের মধ্যে কলেজের উচ্চ মাধ্যমিক ভবন থেকে ফরম সংগ্রহ করে পূরণপূর্বক জমা দেয়ার জন্য বলা হলো। উল্লেখ্য, ফরম জমাকারী শিক্ষার্থীদের ০১/০৪/২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উচ্চ মাধ্যমিক ভবনে স্বাক্ষাৎকার গ্রহণ করা হবে।

যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে

শিক্ষার্থীদের একাউন্ট খোলার নিয়মাবলী:

- ১। নির্বাচিত শিক্ষার্থী উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে পছন্দের যে কোন অনলাইনে ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট)/ মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে পারবে। অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) ব্যবহারের ক্ষেত্রে স্কুল ব্যাংকিং নীতিমালা অনুসারে শিক্ষার্থী/ শিক্ষার্থী ও অভিভাবকের যৌথনামে একাউন্ট খুলতে হবে।
- ২। উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে অনলাইন ব্যাংক একাউন্ট/ মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং উক্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামের একাউন্ট খোলা যাবে।
- ৩। ইতোপূর্বে পিতা/ মাতার নামে জাতীয় পরিচয়পত্র দিয়ে কোন বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা থাকলে নতুন করে একাউন্ট খোলার প্রয়োজন নেই। উক্ত একাউন্ট শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে। তবে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে।
- ৪। একই পিতা/ মাতার একাধিক (২/৩জন) সন্তান উপবৃত্তিযোগ্য হলে সেক্ষেত্রে পিতার জাতীয় পরিচয়পত্র, মাতার জাতীয় পরিচয়পত্র দিয়ে পৃথক একাউন্ট খুলতে হবে। এ ছাড়া নির্বাচিত শিক্ষার্থীর পিতা/ মাতার একই জাতীয় পরিচয়পত্র দিয়ে ভিন্ন ভিন্ন ব্যাংকে অনলাইন ব্যাংক একাউন্ট খুলে ব্যবহার করা যাবে।
- ৫। HSP MIS এ প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর এবং সংশ্লিষ্ট একাউন্টের জাতীয় পরিচয়পত্রের নম্বর একই হতে হবে। ভিন্ন জাতীয় পরিচয়পত্রের নাম্বার হলে উপবৃত্তির জন্য বাতিল বলে গন্য হবে।

বি:দ্র:- একাউন্ট নম্বর জমা দিতে ব্যর্থ হলে ও উপবৃত্তির টাকা না পেলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

  
অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

অধ্যক্ষ  
কারমাইকেল কলেজ  
রংপুর